দামুড়হুদার কার্পাসডাঙ্গায় কারিতাসের উদ্যোগে হুইল চেয়ার বিতরণ

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদ হলরুমে আজ বৃহস্পতিবার সকাল ১১ টার দিকে কারি তাস বাংলাদেশ SDDB প্রকল্পের আয়োজনে ৫ জন প্রতিবন্ধীর মাঝে হুইল চেয়ার বিতরন করা হয়।

এসময় উপস্থিত ছিলেন কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আ:করিম বিশ্বাস, কার্পাসডাঙ্গা ইউনিয়ন বিএনপির সভাপতি সামসুল আলম, সহ-সভাপতি করম আলী, সাংগঠনিক সম্পাদক জাহাঙ্গীর আলম টুটুল, প্যানেল চেয়ারম্যান আলমগীর হোসেন, সাজিবার রহমান, সিরাজুল ইসলাম মেম্বর, মনিরুজ্জামান মন্টু মেম্বর, মাহবুবুর রহমান, আ:সালাম,বিল্লাল হোসেন, দেলোয়ারা, আনেহার, উপজেলা ছাত্রদলের যুগ্ম আহবায়ক জুলফিকার আলী ভুট্টো, ইউনিয়ন পরিষদের প্রশাসনিক কর্মকর্তা শাহাবুবুর রহমান, হিসাবরক্ষক মতিয়ার রহমান, উদ্যোক্তা হারুন, হীরা, ওমেদুল, কারিতাস এসডিডি প্রকল্পের কার্পাসডাঙ্গা উন্নয়ন কমিটির সভাপতি সুদিন সরকার, আলাউদ্দীন মাস্টার, আনসার আলী, আহসান, কিতাব।

সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন এসডিডি প্রকল্পের ফিল্ড সুপারভাইজার বাপ্পা মন্ডল।

গাংনীতে পিএসকেএসের উদ্যোগে বিনামূল্যে মৎস্য উপকরণ বিতরণ

মেহেরপুরের গাংনীতে বেসরকারি সংস্থা পলাশীপাড়া সমাজ কল্যান সমিতির অধীনে সদস্যেদের মাঝে অফ ফ্লেভার মুক্ত পাঙ্গাস মাছের পোনাসহ চাষের উপকরণ বিতরণ করা হয়েছে।

আজ বুধবার সকালে সংগঠিত সমিতির ২৫ জন সদস্যের মাঝে সংস্থার সমন্বিত কৃষি ইউনিটের মৎস্য খাতের আওতায় ২০২৪-২৫ অর্থবছরের উত্তম ব্যবস্থাপনায় অফ- ফ্লেভার মুক্ত পাঙ্গাস মাছ চাষ প্রদর্শনীর উপকরণ বিতরণ করা হয়।

উক্ত উপকরণ বিতরণে উপস্থিত ছিলেন পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির সহকারি পরিচালক (প্রশিক্ষণ) মোহাঃ সাইফুল ইসলাম, বামুন্দি শাখা ব্যবস্থাপক মোহাঃ মনিরুল ইসলাম, পিএসকেএসের মৎস্য কর্মকর্তা মোহাঃ ইকরামুল হাসান ও সহকারি মৎস্য কর্মকর্তা মো: খালেদ কবির।

ঝিনাইদহ এপেক্স ক্লাব অব নবগঙ্গার উদ্যোগে ডেঙ্গু বিষয়ক জন সচেতনতা

ঝিনাইদহ এপেক্স ক্লাব অব নবগঙ্গার উদ্যোগে ডেঙ্গু বিষয়ক জন সচেতনতা মূলক কর্মকান্ডের অংশ হিসাবে লিফলেট বিতরণ ও পরিস্কার পরিচ্ছন্নতা কর্মকান্ড অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার বিকালে শহরের নবগঙ্গা নদীর তীরে এ কর্মকান্ড অনুষ্ঠিত হয়। সেসময় পথচারীদের হাতে ডেঙ্গু বিষয়ক জন সচেতনতা মূলক লিফলেট বিতরণ, পরিস্কার পরিচ্ছন্নতা ও সদর হাসপাতালে ভর্তিকৃত ৫ জন ডেঙ্গু রুগীকে নগদ ৫ হাজার টাকা প্রদান করা হয়।

এপেক্স বাংলাদেশের ডিজি-০৬ শাহানাজ পারভীন সেতু’র সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন এপেক্সশিয়ান মাকসুদুর রহমান। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন এপেক্সশিয়ান আরিফুর রহমান রাজু, জেলা জাতীয় পার্টির সভাপতি রাশেদ মাজমাদার, ঝিনাইদহ ক্লাবের সদস্য জিহান লেমন।

পরে বিভিন্ন ক্লাব থেকে আগত ক্লাব প্রেসিডেন্ট ও সেক্রেটারীগণ এবং মেহেরপুর, যশোর ও ঝিনাইদহের নবগঙ্গা এপেক্সসিয়ানরাসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। এসময় এপেক্স বাংলাদেশের জেলা-৬ এর ২য়

বোর্ড মিটিং সম্পন্ন হয়।

অনুষ্ঠান শেষে এন.আই. আর. ডি. এপেক্স আতিকুল ইসলাম স্মরণে দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

ঝিনাইদহে ওয়েব ফাউন্ডেশনের উদ্যোগে বিশ্ব হাত ধোয়া দিবস পালিত

কেন পরিষ্কার হাত এখনো গুরুত্বপূর্ণ (why are clean hands Steel important)এই প্রতিপাদ্যকে ধারণ করে আজ বুধবার (২৩ অক্টোবর) ওয়েব ফাউন্ডেশনের উদ্যোগে ঝিনাইদহ সদর উপজেলার ঝিনাইদহ পৌরসভার অন্তর্গত ভুটিয়ারগাতী গ্রামের মালা-১ মহিলা সমিতিতে বিশ্ব হাত ধোয়া দিবস ২০২৪ পালন করে।

সকালে ঝিনাইদহ সদর উপজেলার জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সরকারি প্রকৌশলী মীর আল আমিনের উপস্থিতিতে হাত ধোয়া দিবস ২০২৪ অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানের স্বাগত বক্তব্য রাখেন, ওয়েব ফাউন্ডেশনের প্রকল্প সমন্বয়কারী শাহেদ জামাল। হাত ধোয়া দিবসের মূল আলোচনা পত্র উপস্থাপন করেন ওয়েব ফাউন্ডেশনের প্রকৌশলী মোঃ খালিদ হাসান।

এসময় প্রধান অতিথি প্রকৌশলী মীর আল আমিন তার আলোচনায় বলেন,স্বাস্থ্যসম্মত ও টেকসই স্যানিটেশন ব্যবস্থা এবং ব্যক্তিগত পরিচ্ছন্নতা জনস্বাস্থ্য উন্নয়নের পূর্বশর্ত। ডায়রিয়া ও পানিবাহিত নানা রোগ থেকে রক্ষা পেতে স্যানিটেশন ব্যবস্থা ও সাবান দিয়ে হাত ধোয়ার অভ্যাস গড়ে তোলার বিকল্প নেই। খাওয়ার আগে ও পরে, টয়লেট ব্যবহারের পর এবং অন্যান্য সময়ে সকলের হাত ধোয়ার অভ্যাস গড়তে পরিবার ও শিক্ষা প্রতিষ্ঠানসমূহের দায়িত্ব অত্যধিক। কিভাবে হাতের মাধ্যমে জীবাণু মানব শরীরে প্রবেশ করে এবং সুস্থ থাকার জন্য হাত দেওয়ার গুরুত্ব নিয়ে আলোচনা করেন।

তিনি আরো বলেন, সামাজিক এ আন্দোলনকে আরও বেগবান করতে সরকারের পাশাপাশি বেসরকারি প্রতিষ্ঠান, বিভিন্ন উন্নয়ন সহযোগী সংস্থা ও গণমাধ্যমসহ দেশের প্রতিটি নাগরিককে এগিয়ে আসারও আহ্বান জানান । আলোচনা শেষে দুই হাত ধোয়ার কৌশল হাতে কলমে প্রদর্শন করেন। সেসময় উপস্থিত সকলে প্রাত্যহিক জীবন নিয়ম অনুযায়ী হাত ধোয়ার নিয়ম মেনে চলার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন।

অনুষ্ঠানে সার্বিক পরিচালনায় ওয়েভ ফাউন্ডেশনের ঝিনাইদহ ইউনিট ম্যানেজার মোঃ ইব্রাহিম ইসলাম,সাংবাদিক,সমাজ উন্নয়ন কর্মী, শিক্ষার্থীসহ এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ ।

মেহেরপুর পৌর জামায়াতের উদ্যোগে ঈদ-ই-মিলাদুন্নবীর আলোচনা সভা অনুষ্ঠিত

মেহেরপুর পৌর জামায়াতের উদ্যোগে মডেল মসজিদ সিরাতুল ঈদ-ই-মিলাদুন্নবী (সঃ) উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে ।

আজ সোমবার (১৬ই সেপ্টেম্বর) রাত ৭ টার সময় মেহেরপুর পৌর জামায়াতের উদ্যোগে মডেল মসজিদ সিরাতুল ঈদ-ই-মিলাদুন্নবী (সঃ) অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় বক্তব্য রাখেন মেহেরপুর জেলা আমির মাওলানা তাজ উদ্দিন খান, পৌর আমির সোহেল রানা ডলার, পৌর সেক্রেটারি, মনিরুজ্জামান, জেলা মডেল মসজিদ ইমাম সাদিকুর রহমানসহ জামায়াতের নেতাকর্মীগন উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় সবুজ সংঘের উদ্যোগে বর্ন্যাতদের জন্য আর্থিক সহায়তা প্রদান

দামুড়হুদার দৈউলী সবুজ সংঘের উদ্যোগে বর্ন্যাত মানুষের জন্য আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। গতকাল শুক্রবার সকাল ১০টার দিকে “আস-সুন্নাহ ফাউন্ডেশনে’র” মোবাইল ব্যাংকিং একাউন্টে আর্থিক সহায়তা প্রদান করা হয়।

জানাগেছে, ২০২০ সালে প্রতিষ্ঠিত দামুড়হুদার ” দেউলী যুব সংঘ” এর উদ্যোগে কয়েকদিনে গ্রামের বিভিন্ন শ্রেনীপেশার মানুষের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে বর্ন্যাতদের জন্য ২১ হাজার টাকা সংগ্রহ করা হয়। সংগ্রহকৃত অর্থ গতকাল শুক্রবার সকালে আস সুন্নাহ ফাউন্ডেশন মোবাইল ব্যাংকে প্রদান করা হয়েছে।

এসময় উপস্থিত ছিলেন দৈউলী যুব সংঘ’র সভাপতি আকরাম হোসেন, সহ সভাপতি আবু তালহা, সাধারন সম্পাদক তারিকুল, সদস্য বিপ্লব, তৌফিক, তানভীর, আল সাহিদ, শাফায়েত, সাব্বির, আরেফিন, জুবায়ের সহ সংগঠনের নেতৃবৃন্দ প্রমুখ।

মেহেরপুরে ভিডিপি সদস্যদের উদ্যোগে বন্যার্তদের তহবিল সংগ্রহ

বিপদে পাশে থাকুন বন্যার্ত মানুষের পাশে দাড়ান, এই স্লোগানকে সামনে রেখে আমদাহ ইউনিয়ন দলনেতা আরিফ হাসান রাজুর উদ্যোগে বন্যার্তদের তহবিল সংগ্রহ করা হয়েছে।

আজ শনিবার (২৪ আগষ্ট) বিকালে মেহেরপুর সদর উপজেলার আমদাহ গ্রামে এই তহবিল সংগ্রহ করেন।

এসময় আমদাহ ইউনিয়ন দলনেতা আরিফ হাসান রাজু বলেন,দেশের ১০ জেলায় বন্যায় ৫০ লাখ মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছেন। এসব জেলার অনেক মানুষ খাদ্য ও বিশুদ্ধ পানির অভাবে ভীষণ কষ্টে দিন কাটাচ্ছেন। বন্যাদুর্গত এসব মানুষকে সহায়তা করার জন্য পথে পথে টাকা তুলছেন মেহেরপুরের আনসার সতস্যরা।

এসময় তিনি আরও বলেন বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যরা জনগণকে সতর্কতার সহিত নিরাপদ আশ্রয়ে চলে যেতে উদ্বুদ্ধ করছে। ভূমি বা পাহাড় ধসের হাত থেকে বাঁচতে দ্রুত নিরাপদ স্থানে সরে যেতে মাইকিং করছে। বন্যা প্লাবিত এলাকা থেকে মানুষকে উদ্ধার করে নিরাপদ স্থানে পৌঁছে দিতে সহায়তা করছে। সবাইকে বন্যা মোকাবিলায় অকৃত্রিমভাবে কাজ করতে নির্দেশনা দেয়া হচ্ছে ।

এসময় অন্যদের ভিতরে উপস্থিত ছিলেন, ভিডিপির সদস্য, মুরাদ, আনোয়ার, রাফি, সুমন, আশরাফসহ মহাজনপুর ইউনিয়ন দলনেতা শেফাউল ইসলাম প্রমুখ।

উদ্দীপ্ত সেবা সংঘের উদ্যোগে হরিণাকুণ্ডুতে নির্বাচিতদের সংবর্ধনা প্রদান

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানকে সংবর্ধনা প্রদান করা হয়েছে।

রবিবার বিকেলে উপজেলার কাপাশাটিয়া ইউনিয়নের শাখারিদহ বাজারে উদ্দীপ্ত সেবা সংঘের উদ্যোগে এই সংবর্ধনা প্রদান করা হয়।

উদ্দীপ্ত সেবা সংঘের নির্বাহী পরিচালক আব্দুস সালাম বাপ্পির সঞ্চালনায় সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপজেলা পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যান সাইফুল ইসলাম টিপু মল্লিক।

এছাড়াও অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপজেলা ভাইস চেয়ারম্যান সাজেদুল ইসলাম ইশা, মহিলা ভাইস চেয়ারম্যান জেসমিন খাতুন, কাপাশহাটীয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শরাফৎ দৌলা ঝন্টু । অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আব্দুল মজিদ মন্ডল। অনুষ্ঠানে উদ্দীপ্ত সেবা সংঘের সেবা গ্রহিতা এবং অন্যান্য সাধারণ মানুষ উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গা উপজেলা কৃষি অফিসের উদ্যোগে ফল মেলার উদ্বোধন

আলমডাঙ্গা উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও উপজেলা প্রশাসনের উদ্যোগে তিনদিন ব্যাপী উপজেলা ফল মেলার উদ্বোধন করা হয়েছে। আজ বুধবার বিকেল তিনটার দিকে উপজেলা পরিষদ চত্বরে আনুষ্ঠানিকভাবে এ ফল মেলার উদ্বোধন করেন উপজেলা নির্বাহী অফিসার স্নিগ্ধা দাস।

অনুষ্ঠানে আলমডাঙ্গা উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ রেহানা পারভীনের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন উপজেলা নির্বাহী অফিসারের স্নিগ্ধা দাস।

প্রধান অতিথির বক্তব্যে স্নিগ্ধা দাস বলেন, ক্রমহ্রাসমান জমি থেকে ক্রমবর্ধমান মানুষের খাদ্যের যোগান দেয় কৃষি। তাই মানুষের খাদ্য চাহিদা মিটানোর লক্ষ্যে দেশের বিভিন্ন অঞ্চলে সময় উপযোগী ফলদ বৃক্ষসহ অন্যান্য বৃক্ষ রোপণ অপরিহার্য।

তিনি ফলজ, বনজ ও ঔষুধী বৃক্ষের অবদানের কথা উল্লেখ করে বলেন, ফল একটি স্বাস্থ্য রক্ষাকারি খাদ্য, কাজেই মানুষের দেহে শক্তি ও দৈহিক গঠনে বলিষ্ঠ ও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। প্রতিদিন কিছু না কিছু যে কোন ধরনের ফল খেতে হবে আর এজন্য বাড়িতে যে কোন ফলের গাছ থাকা প্রয়োজন।

তিনি ফল উৎসবে উপস্থিত সকল স্তরের মানুষকে মেলা পরিদর্শণ ও মেলা থেকে কৃষি প্রযুক্তিগত জ্ঞান ও নতুন নতুন ধ্যান ধারনা গ্রহনের পাশাপাশি ৩টি করে ফলজ, বনজ ও ঔষুধি বৃক্ষের চারা সংগ্রহ করে

রোপণ করার জন্য আহ্বান জানান।

অনুষ্ঠানের সভাপতি কৃষি অফিসার কৃষিবিদ রেহানা পারভীন তার বক্তব্যে বলেন, বৃক্ষ জীবন রক্ষাকারি অক্সিজেন, জ্বালানী কাঠ, কাগজ তৈরীর কাঁচামাল, মাটি ক্ষয়রোধ, রাস্তার সৌন্দর্য বর্দ্ধনসহ প্রাকৃতিক দুর্যোগ প্রতিরোধ করে পরিবেশ রক্ষা করে। কাজেই সবাইকে ফলদ, বনজ ও ঔষুধি বৃক্ষ রোপনে অগ্রণী ভূমিকা নিতে হবে। তিনি উপস্থিত সকল স্তরের মানুষকে মেলা থেকে কৃষি প্রযুক্তিগত জ্ঞান গ্রহনের পাশাপাশি ২টি করে ফলদ বৃক্ষের চারা সংগ্রহ করে রোপণ করার জন্য আহ্বান জানান।

বিশেষ অতিথি ছিলেন প্রাণিসম্পদ কর্মকর্তা ডাক্তার আব্দুল্লাহিল কাফি, উপজেলা প. প. কর্মকর্তা এ এম মাহমুদ শাহরিয়ার, উপজেলা প্রকৌশলী তাওহীদ আহমেদ, নির্বাচন কর্মকর্তা মশিউর রহমান, ইন্সটেক্টর জামাল হোসেন, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এনামুল হক, বিআরডিবি কর্মকর্তা শাইলা শারমিন, যুব উন্নয়ন কর্মকর্তা গোলাম আউয়াল, তথ্য কর্মকর্তা স্নিগা দাস। এ ছাড়াও উপসহকারী কৃষি কর্মকর্তা আব্দুর রফিকের পরিচালনায় উপসহকারী কৃষি কর্মকর্তা পাপিয়া খাতুন, মোছাম্মদ তাবাসসুম, নাহিদুল ইসলাম, আরিফুল ইসলামসহ পল্লী উন্নয়ন ব্যাংকের শেফালী বেগম উপস্থিত ছিলেন।

মুজিবনগরে পলাশীপাড়ার উদ্যোগে বিশ্ব মা দিবস উদযাপন

মুজিবনগরে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির উদ্যোগে বিশ্ব মা দিবস উদযাপন করা হয়েছে।

মুজিবনগরে মোনাখালী ইউনিয়নের দরিদ্র দূরীকরণের লক্ষ্যে দরিদ্র পরিবার সমূহের সম্পদ ও সক্ষমতা বৃদ্ধি(সমৃদ্ধি) কর্মসূচির আওতায় আজ রবিবার (১২ মে) দুপুরে মোনাখালী সমৃদ্ধি শাখায় বিশ্ব মা দিবস উদযাপিত হয়েছে ।

পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকে এস এফ)এবং পলাশীপাড়া সমাজ

কল্যাণ সমিতি (পিএসকেএস) এর আয়োজনে, মোনাখালী ইউনিয়নের সর্বস্তরের মায়েদের নিয়ে মোনাখালী শাখায় বিশ্ব মা দিবস পালন করা হয়।

মা দিবস পালন উপলক্ষে মোনাখালী শাখায় আলোচনা সভার আয়োজন করা হয়, আলোচনা সভায় সভাপতিত্ব করেন প্রবীণ ইউনিয়ন কমিটির সভাপতি আব্দুল মান্নান এসময় উপস্থিত ছিলেন প্রবীণ ইউনিয়ন কমিটির সাধারণ সম্পাদক আশকার মিয়া, এক নম্বর প্রবীণ ওয়ার্ড কমিটির সভাপতি বীর মুক্তিযোদ্ধা আমজাদ হোসেন, সমৃদ্ধি কর্মসূচির সমন্বয়কারী হাসানুজ্জামান ও সমাজ উন্নয়ন কর্মকর্তা মোহাম্মদ রহিম আক্তার।অতিথিবৃন্দ বিশ্ব মা দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা করেন।